বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আগস্ট, ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) |
| তারিখ | : ১৯.০৮.২০২০ |
| সময় | : সকাল ১১.০০ টা |
| স্থান | : বিএমডির সভা কক্ষ। |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

**২.০ আলোচনা** :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন করা আবশ্যক। বিএমডির ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, ২০১৯-২০২০ অর্থবছরের ৪টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে ২টি বাস্তবায়িত হয়েছে। সভায় জানানো হয় যে, সেবায় উদ্ভাবনী ধারণা সৃজন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ণ এবং উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে বিএমডির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ উল্লেখিত লক্ষ্যমাত্রা ৫.১ অনুযায়ী "স্বীয় দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ" এর বাধ্যবাধকতা রয়েছে। সভায় ইনোভেশন কমিটির সদস্য জনাব আজিজুল হক জানান, ২০২০-২০২১ অর্থবছরে বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে একটি অফিস আদেশ জারি করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনান্তে বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানের লক্ষ্যে একটি অফিস আদেশ জারির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.০ সিদ্ধান্ত** : বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানপূর্বক সেগুলো যাচাই-বাছাই করে তালিকা তৈরি করা।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯.০৮.২০২০

(মোঃ মামুনুর রশীদ)
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ৬২৮

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৭ / ১৯ আগস্ট ২০২০

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল)...............................................বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।

১৯.০৮.২০২০

(মোঃ মামুনুর রশীদ)

উপপরিচালক